দৈনিক ইত্তেফাক

তারিখ 23 MAR 2009
পৃষ্ঠা ২ কলাম ৪

# ১৩৮৩ শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল হচ্ছে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

দেশের ১ হাজার ৩৮৩টি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিল হচ্ছে। এরমধ্যে ৭১৬টি কলেজ, ১০৩টি ভোকেশনাল ইনস্টিটিউট এবং ৫৬৪টি মাধ্যমিক স্কুল। এমপিওভুক্তির শর্ত পালনে ব্যর্থতাসহ বিভিন্ন অভিযোগে এ প্রতিষ্ঠানগুলোর এমপিও বাতির করা হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে। বিষয়টি শিক্ষামন্ত্রীর অনুমোদনের অপেক্ষায় রয়েছে।